[illegible]

[illegible]

[illegible]

[illegible]

www.lgd.gov.bd

স্মারক নং-[illegible] ২৫২ তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
২০ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ রিট পিটিশন নং-১৪১৫৬/২০১৮ [পিটিশনার মোঃ রকিবুল হক সাদু, পিতা- শামসুল হক, ২১/১ জিগাতলা, হক ম্যানশন, দারোগা মার্কেট, হাজারীবাগ, ঢাকা-বনাম- সরকার ও অন্যান্য] এর আরজীর আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

সূত্রঃ হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ১৪১৫৬/২০১৮ এর ১১.১২.২০১৮ তারিখের রুলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জিগাতলা এলাকায় হক ম্যানশন দারোগা মার্কেট (হোল্ডিং নং-২১/ক) এর ৪ (চার) টি দোকানের বেআইনি ও জোরপূর্বক দখল উচ্ছেদের নিমিত্ত বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণের (পৃঃ-২) দাবিতে পিটিশনার কর্তৃক স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ০৮ (আট) জনকে প্রতিপক্ষ করে এই রিটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ রুল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত তর্কিত ৩০.০১.২০১৮ তারিখের আবেদনটি ০২(দুই) মাসের মধ্যে আইনানুগ নিষ্পত্তিকরণের আদেশ দিয়েছেন। রিট পিটিশন এর বিষয়বস্তু বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সাথে সম্পর্কিত এবং উক্ত মামলায় প্রধান প্রকৌশলী, ডিপিডিসি, ঢাকা-কে ২নং প্রতিপক্ষ করা হয়েছে।

২. বর্ণিতাবস্থায়, রুল ও আরজির কপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হল।

সংযুক্তি.....।

২০/৩/২০১৯

মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী
উপসচিব
ফোনঃ ৯৫৪০৯৯৫
E-mail: dslaw1.lgd.gov@gmail.com

সচিব
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপিঃ

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
৫. অফিস কপি/মাস্টার কপি।